# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

অতিরিক্ত মহাপরিচালক
(পরিকল্পনা,নকশা ও গবেষণা) এর দপ্তর
ব্লক-এফ, লেভেল-৫, পানি ভবন,
৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
ফোনঃ ০২-২২২২৩০০৪০-৪২

adgpl.bwdb@gmail.com

Office of the Additional Director General
(Planning, Design & Research)
Block-F, Level-5, Pani Bhaban,
72 Green Road, Dhaka-1205
Phone: 02-222230040-42

স্মারক নং-৪২.০১.০০০০.০৩২.০৬.০০১.২২-৩৩ তারিখঃ ২০-০৪-২০২২ খ্রিঃ

## দপ্তরাদেশ

"নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার জলসিঁড়ি প্রকল্পে স্লুইস গেইট নির্মাণ" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি সমীক্ষা সম্পাদন কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মোঃ কোহিনুর আলম, নির্বাহী প্রকৌশলী, আইসিজেড ও ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব শাহনাজ আক্তার, সহকারী প্রধান (অর্থনীতি), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মোঃ আকবর হোসেন, উপ-প্রধান (পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলী, পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৭। | সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৮। | নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ পরিবেশ অধিদপ্তর, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক মতামত গ্রহণ করে বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ করে প্রকল্প এলাকার কার্যকরী বর্জ্য ব্যবস্থাপনা, নিরাপদ পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, পানি শোধনের জন্য আভ্যন্তরীণ লেক সমূহ, বালু নদীর ভবিষ্যত দূষণ রোধ, বালু নদী এবং আভ্যন্তরীণ লেক/খালসমূহের দুটি সংযোগ স্থলে দুটি স্লুইস গেইট নির্মাণের যৌক্তিকতা ও উপযোগিতা নিরূপণ করবেন;

গ) প্রস্তাবিত প্রকল্প এলাকার বর্তমান পরিস্থিতি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট আভ্যন্তরীণ লেক/নদী/খালসমূহের (channels) পানি ধারণ ক্ষমতা ও নাব্যতা বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের সংস্থান, বিদ্যমান পানি অবকাঠামোর পূর্নবাসন/ নির্মাণ/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে প্রয়োজনীয় সুপারিশমালা প্রতিবেদনে উল্লেখ করবেন;

ঘ) খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের Dredged material ব্যবস্থাপনা সম্পর্কিত পরিকল্পনা ও নকশা (স্কেচ ম্যাপ) সংযোজনপূর্বক সুনির্দিষ্ট সুপারিশমালাসহ Dredged material এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন;

ঙ) প্রযোজ্য ক্ষেত্রসমূহে সড়ক, বনায়ন, শিল্প, নেভিগেশন সেক্টরসহ সার্বিক জীব-বৈচিত্র্যের উপর প্রকল্পের প্রভাব সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

চ) বাপাউবো'র চলতি রেট সিডিউল ও জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট এলাকার জন্য প্রযোজ্য নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত প্রাক্কলন/নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

ছ) প্রকল্প বাস্তবায়নে পরিবেশগত বিরূপ প্রভাব বিশ্লেষণ ও ঋণাত্মক প্রভাব নিরাময়ের সম্ভাব্য উপায়সমূহ নিরূপণপূর্বক পরিবেশ সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন প্রণয়ন ও সংযুক্ত করবেন;

জ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ঝ) কমিটি WARPO Guidelines অনুসরন করবেন।

২। কমিটি প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা দপ্তর হতে স্মারক নং-১০৫২ তারিখঃ ২৪-১১-২০১৯ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/5479.pdf) এর মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী এবং প্রধান প্রকৌশলী, নকশা দপ্তরের স্মারক নং-১৩৮-প্রঃপ্রঃডি/সা-৫০০ তারিখঃ ২৮/০২/২০২২ খ্রিঃ ওয়েবসাইট লিংক (https://www.bwdb.gov.bd/archive/pdf/9730.pdf) অনুসরণপূর্বক সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ সমীক্ষা প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

৩। কমিটি কর্তৃক প্রাথমিক পরিদর্শনে প্রকল্প ব্যয় ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্দ্ধে প্রতীয়মান হলে সমীক্ষা প্রতিবেদন প্রণয়নের পরিবর্তে যথাযথ ব্যাখ্যাসহ বিকল্প প্রস্তাবসহ প্রকল্প ধারণা পত্র (Project Concept Paper/ PCP) Soft Copy সহ দাখিল করবেন।

৪। মূল প্রতিবেদনের Soft Copy অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের ই-মেইল adgpl.bwdb@gmail.com ঠিকানায় প্রেরণ করবেন।

৫। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

20/04/2022

(মোঃ আঃ মজিদ)
উপ-সচিব (পরিকল্পনা, নকশা ও গবেষণা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

চলমান পৃষ্ঠা-২

বিতরণ (জ্ঞাতার্থে ও কাযার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মোঃ কোহিনুর আলম, নির্বাহী প্রকৌশলী, আইসিজেড ও ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট, বাপাউবো, ঢাকা।
৪। জনাব শাহনাজ আক্তার, সহকারী প্রধান (অর্থনীতি), পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। জনাব মোঃ আকবর হোসেন, উপ-প্রধান (পরিবেশ ও বন), প্রধান প্রকৌশলী, পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা।
৭। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
৮। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২-৩। প্রধান প্রকৌশলী, নকশা/ কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৪-৫। যুগ্ম-প্রধান /তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যুগ্ম-প্রধান পরিকল্পনা'র দপ্তর/ ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা।
৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৯। অফিস কপি।

ডায়েরী নং ৩৫৫৪ ❖ তারিখঃ 23/8/22
প্রোগ্রামার ১/২ ❖ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ ❖ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী ❖ নথিতে পেশ করুন
অফিস সহকারী ❖ নথিতে রাখুন
23/08/2022 ❖ তাগিদ পত্র দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা